দামুড়হুদা হাউলী ইউনিয়নে স্থানীয় সরকার দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

সেবা ও উন্নতির দক্ষ রুপকার, উন্নয়নে উদ্ভাবনে স্থানীয় সরকার” এই প্রতিপাদ্যকে সামনে রেখে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৩ উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বেলা ১২ টার দিকে হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদ চত্বরে র্যালি ও পরিষদের সভা কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন ইউপি সচিব নাঈম উদ্দিন, ইউপি সদস্য শহিদুল ইসলাম, রিকাত আলী, আব্দুল হান্নান পটু, শাহজামাল, সেলিম উদ্দিন সহ ইউনিয়ন পরিষদের সকল সদস্য, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সেবা গ্রহীতারা উপস্থিত ছিলেন।

এসময় হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর উদ্যোগে বাংলাদেশে এই প্রথম স্থানীয় সরকার দিবস পালিত হচ্ছে। ইউনিয়ন পরিষদে নিরবিচ্ছিন্ন ভাবে সাধারণ জনগণকে সেবা প্রদান করা হচ্ছে। ১৭,১৮,১৯ তারিখ এই তিন দিন স্থানীয় সরকার উন্নয়ন মেলা উপজেলা চত্বরে অনুষ্ঠিত হচ্ছে, সেখানে আমাদের হাউলী ইউনিয়ন পরিষদের স্টল রয়েছে। ওই স্টলেও নিরবিচ্ছিন্ন হবে সেবা প্রদান করা হচ্ছে।

দামুড়হুদায় মাদক বিরোধী অভিযানে ৩০পিস ইয়াবা ট্যাবলেটসহ আটক ১

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ৩০পিস ইয়াবা ট্যাবলেটসহ মাদক সম্রাট কসাই কাজলকে আটক করেছে পুলিশ।

আটককৃত আসামি হলেন উপজেলার জয়রামপুর নওদাপাড়ার মোঃ ফজলুল হকের ছেলে খবির উদ্দিন ওরফে কসাই কাজল(৩৮)।

পুলিশ সূত্রে জানা গেছে আজ সোমবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবিরের নেতৃত্বে এস আই আরমান হোসেন ও এএসআই বিপ্লব কুমার দাস সঙ্গীয় ফোর্স সহ মাদক বিরোধী অভিযান পরিচালনা কালে গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা থানাধীন হাউলী ইউনিয়নের লোকনাথপুর ডিএস আদর্শ দাখিল মাদ্রাসার সামনে চুয়াডাঙ্গা টু দর্শনা গামী পাকা রাস্তার উপর থেকে ৩০পিস ইয়াবা ট্যাবলেট সহ হাতেনাতে গ্রেফতার করে আসামি খবির উদ্দিন ওরফে কসাই কাজলকে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবীর আটকের সত্যতা নিশ্চিত করে জানান,আটককৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা পূর্বক আজ আদালতে প্রেরণ করা হয়েছে।

তিনি আরও বলেন, দামুড়হুদা মডেল থানা এলাকায় কোন প্রকার মাদকদ্রব্য কারবারি থাকবে না। জেলা পুলিশের সুযোগ্য পুলিশ সুপার মহোদয়ের নির্দেশনায় মাদক বিরোধী অভিযান চলমান থাকবে।

দামুড়হুদায় আইন-শৃঙ্খলা বিষয়ক

মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় উপজেলা আইন-শৃঙ্খলা, চোরাচালান, সন্ত্রাস ও নাশকতা, মানব পাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বেলা সাড়ে ১২ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে নির্বাহী অফিসারের কার্যালয়ে মাসিক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবীর, দর্শনা থানার ওসি তদন্ত আমান, দর্শনা কোম্পানী কমান্ডার সুবেদার জহির উদ্দিন বাবর, মুন্সিপুর কোম্পানী নায়েব সুবেদার মো: সাইফুল ইসলাম, দর্শনা সরকারি কলেজের প্রভাষক মেহেদী হাসান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার মহিব্বুল্লাহ্, দামুড়হুদা মডেল মসজিদের পেশ ঈমান মামুনুর রশীদ, ইসলামিক ফাউণ্ডেশনের ফিল্ড সুপারভাইজার মোছা: মারিয়া মাহবুবা, নাটুদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

প্রাথমিক শিক্ষায় বিশেষ অবদানে জেলা পর্যায়ে শ্রেষ্ঠ দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান বাবু

প্রাথমিক শিক্ষায় বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ জেলা পর্যায়ে শ্রেষ্ঠ দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু।

গত ১৩ সেপ্টেম্বর জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও প্রাথমিক শিক্ষা পদক বাছাই কমিটির সদস্য সচিব তবিবুর রহমান স্বাক্ষরিত ফলাফলের তালিকা থেকে এ তথ্য জানা যায়।

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়ের তথ্য মতে, ৮ টি ইউনিয়ন ও ১ টি পৌরসভা নিয়ে গঠিত দামুড়হুদা উপজেলায় নিম্ন আয়ের মানুষের সংখ্যা বেশি হওয়ায় কয়েক বছর আগেও ওই অঞ্চলের শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতির হার উদ্বেগজনক ছিল। কোভিড-১৯ পরবর্তী সময়ে প্রাথমিকের শিক্ষার্থীদের বিদ্যালয়মুখী করতে নানা কর্মপরিকল্পনা গ্রহণ করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু।

নিয়মিত কাজের ফাঁকে সময় পেলেই ছুটে যান বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে। মজার মজার গল্পের মাধ্যমে কোমলমতি শিশুদের আকৃষ্ট করে। শিশুদের নিয়মিত বিদ্যালয়মুখী করতে উপহার দেন স্কুল ড্রেস, স্কুল ব্যাগ, টিফিন বক্স, শিক্ষা উপকরণসহ নানা খেলার সামগ্রী।

এছাড়াও নিয়মিত উপস্থিত হন বিদ্যালয়ের অভিভাবক মা সমাবেশে। তার প্রচেষ্টায় উপজেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধির পাশাপাশি পড়ালেখায় মনোযোগী হয়ে উঠার প্রবণতা ক্রমশ বেড়েই চলেছে।

চুয়াডাঙ্গা জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও প্রাথমিক শিক্ষা পদক বাছাই কমিটির সদস্য সচিব তবিবুর রহমান বলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান হবার পর থেকেই শিক্ষার্থীদের ঝরে পড়া রোধে উল্লেখযোগ্য অবদান রেখেছেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু। প্রাথমিক শিক্ষায় বিশেষ অবদান রাখায় ব্যক্তি এবং প্রতিষ্ঠান পর্যায়ে এ বছর ১৪ জনকে শ্রেষ্ঠ নির্বাচিত করা হয়েছে।

দর্শনা সীমান্তে বিজিবির মহা

পরিচালক সাথে বিএসএফের সৌজন্য বৈঠক ও মতবিনিময়

দর্শনা সীমান্ত বিজিবি-বিএসএফের সৌজন্য পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠক শেষে বিজিবি কর্মকর্তার সাথে মতবিনিময় করেছে (বাংলাদেশ বর্ডার গার্ড) বিজিবির মহা পরিচালক মেজর জেনারেল এ কে এম নাজমুল হোসাইন।

গতকাল রোববার ১৭ সেষ্টম্বর দুপুরে দর্শনা আইসিপি সীমান্তে পতাকা বৈঠক ও আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এই মত বিনিময়ে অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন অধিনায়ক লেঃ কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান জানান, গতকাল রোববার দুপুর ২ টার দিকে চুয়াডাঙ্গার দর্শনা সীমান্ত চেকপোস্ট পরিদর্শন এসে পৌঁছান (বাংলাদেশ বর্ডার গার্ড) বিজিবির মহাপরিচালক মেজর জেনারেল এ কে এম নাজমুল হোসাইন। এ সময় চেকপোস্ট বিজিবি সম্মেলন কেন্দ্রে বিজিবির অভ্যর্থনা ও সালাম গ্রহন করেন। চুয়াডাঙ্গার দর্শনা সীমান্তের ৭৬ পিলারের বিপরিতে ভারতীয় অংশে বিজিবি-বিএসএফের সাথে সৌজন্য বৈঠক শুভেচ্ছা ও মত বিনিময় করেন।

বৈঠকে উপস্থিত ছিলেন ভারতীয় বিএসএফের কলকাতা বিএসএফের ভারপ্রাপ্ত আইজি ডিআইজি অমরেশ কুমার আরিয়া, সীমানগর ৩২ ব্যাটেলিয়ানের কমান্ডেন্ট সুজিত কুমার সহ বিএসএফের উর্দ্ধতন কর্মকর্তা।

বিজিবির পক্ষে আরো উপস্থিত ছিলেন (বাংলাদেশ বর্ডার গার্ড) বিজিবির পরিচালক প্রশাসন ব্রিগেডিয়ার জেনারেল খাইরুল কবির, যশোর বিজিবির রিজিয়ন কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল শামীম আহমেদ, কুষ্টিয়া বিজিবি সেক্টর কমান্ডার কর্নেল এমারত হোসেন, চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন অধিনায়ক লেঃ কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, মহেষপুর -৫৮ ব্যাটালিয়ন বিজিবি ভারপ্রাপ্ত অধিনায়ক মেজর রাকিবুল ইসলাম , কুষ্টিয়া সেক্টরের জিটু মেজর মেহেদী হাসান, মেজর সেলিম, কুষ্টিয়া ৪৭ ব্যাটালিয়ন উপ-অধিনায়ক মেজর রফিকুল ইসলাম চুয়াডাঙ্গা-৬ ব্যাটালিয়নের সরকারি পরিচালক হায়দার আলী, মহেশপুর ৫৮ ব্যাটালিয়নের সহকারী পরিচালক সাইফুল প্রমুখ।

বৈঠকে দু দেশের সীমান্তরক্ষীদের মধ্যে সৌহার্দ্যপূর্ণ বিভিন্ন

বিষয় নিয়ে আলোচনা হয়। উভয় বাহিনীর মধ্যে মিষ্টি ও উপহার বিনিময় করা হয়। বৈঠক শেষে বিজিবি কর্মকর্তাদের সাথে মতবিনিময় শেষে বিকাল সাড়ে ৩ টায় দর্শনা ত্যাগ করেন।

চুয়াডাঙ্গা-১ আসনে আফরোজ পারভীনের উঠান বৈঠক ও গণসংযোগ

চুয়াডাঙ্গা আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নে যুব মহিলা লীগের উঠান বৈঠক ও কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বেলা সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা যুব মহিলা লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা-১ আসনে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নৌকার মনোনয়ন প্রত্যাশি আফরোজ পারভিন এর নেতৃত্ব জেহালা ইউনিয়ন যুব মহিলা লীগের সভাপতি ইউপি সদস্য লাভলী খাতুনের আয়োজনে এই উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

এ সময় উঠান বৈঠক ও গণসংযোগ করে চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনয়ন প্রত্যাশি আফরোজ পারভিন প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়ন তুলে ধরেন ও লিফলেট বিতরণ করেন এবং আগামী দ্বাদশ সংসদ নির্বাচনে আবারো শেখ হাসিনা সরকার ও নৌকা মার্কার পক্ষে ভোট চান।
এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন, সহ-সভাপতি- পূর্ণিমা হালদার,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, আওয়ামী লীগ কর্মী ছাত্রলীগ ও যুবলীগ সহ ও চুয়াডাঙ্গা সদর উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।

আলমডাঙ্গায় ৩দিন ব্যাপি স্থানীয় সরকার দিবস ও উন্নয়ন মেলার উদ্বোধন

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের আয়োজনে তিনদিন ব্যাপী জাতীয় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলা-২০২৩’র উদ্বোধন করা হয়েছে।

” সেবা ও উন্নতির দক্ষ রুপকার,উন্নয়নে উন্নয়নে স্থানীয় সরকার” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে আজ রোববার সকাল ১০ টার দিকে উপজেলা মঞ্চ চত্বরে এ মেলার উদ্বোধন করা হয়।

উন্নয়ন মেলা উপলক্ষে শহরে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়। শোভাযাত্রা শেষে উপজেলা পরিষদ মঞ্চে উন্নয়ন মেলা সম্পর্কে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস । প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এ্যাডঃ খন্দকার সালমুন আহমেদ ডন। তিনি বলেন বর্তমান সরকার স্থানীয় সরকারকে শক্তিশালি করতে সবরকম কাজ করে যাচ্ছেন,প্রতিটি ইউনিয়ন পরিষদ ভবন কে একটি মিনি সচিবালয়ের মত করে গড়ে তুলেছেন,সেখানে উপজেলার প্রতিটি দপ্তরের অফিস করে দেওয়া হয়ে,গ্রামের সকল মানুষ ইউনিয়ন পরিষদ থেকে সকল রকমের সেবা পাচ্ছেন।তিনি আরো বলেন সম্প্রতি মাননীয় প্রধান মন্ত্রী জননেন্ত্রী শেখ হাসিনা সারা দেশের প্রায় ৮/১০ হাজার জনপ্রতিনিধিদের আমন্ত্রন করে গনভবনে মিটিং করে তাদের কে সম্মানিত করোছেন,তাই আমি মনে করি আপনারা যারা স্থানীয় সরকার তাদের গুরুত্ব কোন অংশে কম নয়।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, আলমডাঙ্গা থানার পরিদর্শক অপারেশন ফরিদ উদ্দিন, উপজেলা কৃষি অফিসার রেহেনা পারভীন,উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহিল কাফি,উপজেলা প্রকৌশলী আরিফুদৌলা,সমাজ সেবা কর্মকর্তা নাজমুল হোসেন,,জনস্বাস্থ্য

প্রকৌশলী আব্দুর রশিদ,সরকারি কলেজের সিনিয়র প্রভাষক ড,মাহবুবুর রহমান,মেডিকেল অফিসার ডাঃ জাহিদুল ইসলাম,বীর মুক্তিযোদ্ধা মইনদ্দিন পারভেজ।

কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামিম রেজার উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মহিলা বিষয়ক কর্মকর্তা মাখসুরা জান্নাত, উপজেলা তথ্য অফিসার সিন্ধা দাস,বিআরডিবি কর্মকর্তা সায়লা শারমিন, সমবায় অফিসার,,যুব উন্নয়ন কর্মকর্তা আলাউদ্দিন,, পরিবার পরিকল্পা কর্মকর্তা ডাঃ ফজলুল হক,, ট্রেনিং ইন্সপেক্টর জামাল হোসেন,ইউপি চেয়ারম্যান সোহানুর রহমান সোহান,আশিকুর রহমান ওল্টু,আবু সাইদ পিন্টু,মুন্সি ইমদাদুল হক,হাসানুজ্জামান,মোজাহিদুর রহমান,মখলেছুর রহমান শিলন,এজাজ ইমতিয়াজ বিপুল,তাফসির আহমেদ লাল,মিনহাজ উদ্দিন বিশ্বাস,আসাদুল হক মিকা,তরিকুল ইসলাম,নজরুল ইসলাম, সহ উপজেলা প্রশাসন কর্মকর্তা কর্মচারী বৃন্দ।

উল্লেখ্য জাতীয় স্থানীয় দিবস উন্নয়ন মেলায় আলমডাঙ্গার বিভিন্ন অধিদপ্তরের পক্ষ থেকে ৩৪ টি স্টল নির্মাণ করা হয়েছে। আলোচনা সভার পরে অতিথিবৃন্দ স্টলগুলো পরিদর্শন করেন।

জীবননগরে দুই দিনব্যাপী উন্নয়ন মেলার উদ্বোধন

জীবননগরে দুইদিন ব্যাপী উন্নয়ন মেলার উদ্বোধন করা হয়েছে। রবিবার সকাল ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে,উন্নয়ন মেলা উদ্বোধন ও আলোচনা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিতে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-০২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা

পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, জীবননগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম মোর্তুজা, জীবননগর পৌরসভার মেয়র রফিকুল ইসলাম, জীবননগর পৌরসভার সাবেক মেয়র জাহাঙ্গীর আলম,উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল হান্নান, সীমান্ত ইউপি চেয়ারম্যান ইছাবুল ইসলাম মিল্টন, বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, রায়পুর ইউপি চেয়ারম্যান তাহাজ্জত মির্জা, হাসাদহ ইউপি চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান, কে ডি কে ইউপি চেয়ারম্যান খায়রুল বাসার শিপলু সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী রাজনৈতিক নেতৃবৃন্দ সুধী ও সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় প্রথমবারের মতো স্থানীয় সরকার দিবস উদযাপিত

দামুড়হুদায় প্রথমবারের মতো উদযাপিত হয়েছে জাতীয় স্থানীয় সরকার দিবস। সেবা ও উন্নতির দক্ষ রূপকার, উন্নয়নে-উদ্ভাবনে স্থানীয় সরকার- এই স্লোগান নিয়ে দিবসটি উদযাপন করা হয়। জনসচেতনতা তৈরি এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর সঙ্গে জনগণের সম্পৃক্ততা বাড়াতে দিবসটি উদযাপনের সিদ্ধান্ত নিয়েছে সরকার।

দিবসটি পালন উপলক্ষে আজ রোববার সকাল ১১ ঘটিকার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের পক্ষ থেকে আলোচনা সভা ও বর্ণাঢ্য র্যালী করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ,সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন, হাউলী ইউপি চেয়ারম্যান(ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন ও দামুড়হুদা মডেল থানার পরিদর্শক (তদন্ত) শফিকুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে আলী মুনছুর বাবু বলেন, দেশে প্রথম বারের মত এই দিবসটি পালিত হচ্ছে। কেন্দ্রীয় সরকার তার উন্নয়ন কর্মকান্ড পরিচালনার জন্য স্থানীয় সরকার গঠন করে থাকেন। তারই ধারাবাহিকতায় কেন্দ্র থেকে প্রান্তিক পর্যায়ে উন্নয়ন কাজ চলমান রয়েছে। বিশেষ করে পারিবারিক ও সামাজিক সমস্যা সমাধানেও স্থানীয় সরকার বিশেষ ভূমিকা রেখে চলেছে। তাই আমাদের আরো বেশি বেশি স্থানীয় সরকার সম্পর্কে জানতে হবে। দিবসটি উপলক্ষে উপজেলা চত্বরে তিন দিনব্যাপী উন্নয়ন মেলার আয়োজন করা হয়েছে। মেলায় সরকারি বিভিন্ন দপ্তর নিজ নিজ দপ্তরের উন্নয়ন কর্মকান্ড প্রদর্শন করেছে।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সমবায় অফিসার হারুন অর রশীদ।

জীবননগর সীমান্তে বিএসএফের গুলিতে বাংলাদেশি নিহত হওয়ার অভিযোগ

জীবননগরে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর বিএসএফের গুলিতে মিজানুর রহমান (৫০) নামে এক বাংলাদেশি নিহত হয়েছে বলে নিহতের পরিবার অভিযোগ করেছে।

নিহতের পরিবার সুত্রে যানা যায়, নিহত মিজানুর রহমান ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার শেখপাড়া গ্রামের নবী ছদ্দিনের ছেলে তিনি জীবননগরের সীমান্ত ইউনিয়নের বেনীপুর গ্রামের আয়ুব আলীর জামাতা। বিয়ের পর তিনি শ্বশুর বাড়িতে ঘরজামাই হিসেবে থাকতেন।

সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইশাবুল ইসলাম মিল্টন জানান, মিজানুর রহমান কিছুদিন ধরে ভারতীয় গরুর ব্যবসা করত। সাম্প্রতিক সময়ে সে অবৈধভাবে মানুষ পারাপারের কাজ করে আসছিল। পরিবার সূত্রে আরও যানা যায়, গত বৃহস্পতিবার মিজানুর ও তার সহযোগীরা কয়েকজন মানুষ নিয়ে অবৈধভাবে ভারতের পশ্চিমবঙ্গের কৃষ্ণগঞ্জ থানার নোনাগঞ্জ সীমান্তে যান।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এস.এম. জাবীদ হাসান জানান, মিজানুর রহমানের স্ত্রী ইসনাহার থানায় এসে মৌখিকভাবে জানিয়েছেন তার স্বামীকে পাওয়া যাচ্ছে না। তিনি ৩ দিন ধরে নিখোঁজ রয়েছেন। গতকাল শনিবার দুপুরে মরদেহের একটি ছবি দেখে নিহত মিজানুরের স্ত্রী সনাক্ত করে এটা তার স্বামীর মৃত দেহ।

এ ঘটনার বিষয়ে বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবির মহেশপুর-৫৮ ব্যাটালিয়নের পরিচালক লেফটেনেন্ট কর্নেল মাসুদ পারভেজ রানা জানান, গতকাল শনিবার বেলা ১১ টার সময় এক মহিলা মৌখিকভাবে তার স্বামী মিজানুর তিনদিন ধরে নিখোঁজের বিষয়টি আমাদের কাছে জানিয়েছেন। আমরা ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের কাছে গতকাল শনিবার বিকালে পতাকা বৈঠকের চিঠি দিয়েছি পতাকা বৈঠকে জানতে পারবো মিজানুর নামে তারা কোনো বাংলাদেশীকে হত্যা করেছে কি না? বিষয়টির সত্যতা বিএসএফ নিশ্চিত করলে আপনাদের জানানো হবে।